গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০৩.২২/৬৫(১১) তারিখ: ০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ।

বিষয়: আসন্ন ২০২২-২০২৩ অর্থবছরের বাজেটে বিবেচনার লক্ষ্যে প্রস্তাব আহবান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, প্রতি অর্থবছরের বাজেটে কাস্টমস অনুবিভাগ থেকে আমদানি পর্যায়ের শুল্ককর হার যৌক্তিকীকরণ, বাণিজ্য উদারীকরণ এবং আইন ও পদ্ধতিগত জটিলতা নিরসনের জন্য বিভিন্ন ব্যবস্থা নেয়া হয়ে থাকে। এ সকল ব্যবস্থা নেয়ার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষ থেকে বিভিন্ন ব্যবসায়ী সমিতি/এসোসিয়েশন, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়ে থাকে। এই সকল প্রস্তাব কর্মকালীন বাস্তব অভিজ্ঞতার আলোকে প্রণীত হয়ে থাকে বিধায় কাস্টমস বিভাগ বাজেট প্রস্তাব প্রণয়নকালে জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন শাখা ও মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত সুচিন্তিত মতামত ও পরামর্শকে বিশেষ গুরুত্ব দিয়ে বিবেচনা করে থাকে।

২। একই ধারাবাহিকতায় আগামী ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট প্রণয়নের উদ্দেশ্যে বিদ্যমান কাস্টমস সংক্রান্ত আইন, বিধিমালা, আদেশ, ব্যাখ্যাপত্র প্রভৃতি সংস্কার/পরিবর্তন এবং আমদানি পর্যায়ে প্রযোজ্য শুল্ক-কর যৌক্তিকীকরণ বিষয়ক সুনির্দিষ্ট এবং বস্তুনিষ্ঠ প্রস্তাব নির্ধারিত ছক মোতাবেক আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর হার্ড কপি এবং সফট কপি Nikosh Font এ ইমেইলে (sscuspolicy@gmail.com) পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ছক (১) এইচ.এস. কোড ভিত্তিক শুল্ক-কর যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাব

ক্রমিক নং	প্রস্তাব				প্রস্তাবের পক্ষে যুক্তি	মন্তব্য
	বিবেচ্য পণ্যের এইচ.এস কোড	পণ্যের নাম ও বিবরণ	বিদ্যমান শুল্ক হার (%)	প্রস্তাবিত শুল্ক হার (%)		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

ছক (২) আইন ও বিধি সংশ্লিষ্ট প্রস্তাব

ক্রমিক নং	প্রস্তাব		প্রস্তাবের পক্ষে যুক্তি	মন্তব্য
	বিদ্যমান ধারা ও বিধান	প্রস্তাবিত সংশোধন		
(১)	(২)	(৩)	(৪)	(৫)

ছক (৩) ট্যারিফ মূল্য/নূনতম শুল্ক মূল্য নির্ধারণ বা যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাব

ক্রমিক নং	প্রস্তাব				প্রস্তাবের পক্ষে যুক্তি	মন্তব্য
	পণ্যের এইচ.এস কোড	পণ্যের নাম ও বিবরণ	বিদ্যমান	প্রস্তাবিত		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

৩। প্রস্তাব প্রেরণের সময়ে অন্যান্য বিষয়ের সাথে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নেয়া যেতে পারে:-

(ক) কাস্টমস ডিউটি, সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর, রেগুলেটরি ডিউটি, সুনির্দিষ্ট আমদানি শুল্ক ইত্যাদি আরোপের ক্ষেত্রে সমজাতীয় পণ্যের মধ্যে কোন বৈষম্যমূলক নীতি যা প্রায়োগিক ক্ষেত্রে শুল্ক ফাঁকির সুযোগ সৃষ্টি করে এরূপ ক্ষেত্রে পুনর্বিন্যাস করার প্রয়োজন আছে কিনা;

(খ) কাস্টম হাউস এর assessment committee এর সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত যা জাতীয় পর্যায়ে বাস্তবায়ন প্রয়োজন;

(গ) যাত্রী সুবিধা বৃদ্ধির জন্য গৃহীতব্য ব্যবস্থা;

(ঘ) বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় শুল্ক কর্তৃপক্ষের capacity building এর বিষয়ে গৃহীতব্য ব্যবস্থা;

(ঙ) কোন বিষয়ে নতুন বিধিমালা/আদেশ জারির প্রয়োজনীয়তা রয়েছে কিনা;

(চ) নতুন কোন পণ্যের রপ্তানি বৃদ্ধিতে সহায়তা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান বন্ড ব্যবস্থাকে সম্প্রসারণ করার প্রয়োজন আছে কিনা;

(ছ) বন্ড ব্যবস্থাপনা বিষয়ে এ সুবিধার অপব্যবহার রোধে করণীয়;

(জ) নতুন কোন পণ্যের উপর ট্যারিফ মূল্য/ন্যূনতম মূল্য নির্ধারণ বা ট্যারিফ মূল্য/ন্যূনতম মূল্য থাকলে সংশোধন/পরিবর্তনের প্রয়োজন আছে কিনা অথবা নতুন কোন পণ্যের জন্য ট্যারিফ মূল্য/ন্যূনতম মূল্য নির্ধারণের প্রয়োজন আছে কিনা;

(ঝ) সংশ্লিষ্ট দপ্তরের প্রিভেন্টিভ কার্যক্রমের ভিত্তিতে অর্জিত অভিজ্ঞতার আলোকে বিভিন্ন অনিয়ম প্রতিরোধে বিশেষ কোন নীতি গ্রহণ বা আদেশ জারির প্রয়োজন থাকলে তার উপর সুনির্দিষ্ট সুপারিশ;

(ঞ) মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত রেয়াতি প্রজ্ঞাপনে প্রযোজ্য শর্তাবলী পরিবর্তন এবং কোন H.S. Code কে প্রজ্ঞাপনের সুবিধা প্রদান/প্রত্যাহারের প্রয়োজন আছে কিনা;

(ট) অন্যান্য শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য রেয়াতি সুবিধা যৌক্তিকীকরণ করার প্রয়োজন আছে কিনা;

(ঠ) কোন পণ্যের জন্য পৃথক H.S. Code সৃষ্টি করা, বর্ণনা (description) সংশোধন/পরিবর্তন, H.S. Code বাতিল, H.S. Code এর বিপরীতে Statistical Unit পরিবর্তন প্রয়োজন আছে কিনা কিংবা কোন H.S. Code কে Split/merge করা কিংবা যৌক্তিকীকরণের প্রয়োজন আছে কিনা;

(ড) যে সকল প্রজ্ঞাপনের প্রয়োজন নেই বা সংশোধন প্রয়োজন এবং নতুন কোন বিষয়ে প্রজ্ঞাপন জারির প্রয়োজনীয়তা আছে কিনা।

০৭.০২.২২

মোঃ পারভেজ রেজা চৌধুরী
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

Mr. Ronju, AP

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য, (কাস্টমস রপ্তানি ও বন্ড)/(কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/(কাস্টমস নীতি ও আইসিটি)/(মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা।
৪। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানগাঁও।
৫। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা (পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা।
৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৮। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৯। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প/বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে সংশ্লিষ্ট জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১২। প্রথম সচিব (কাস্টমস ও মূসক অনুবিভাগ) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। দ্বিতীয় সচিব (কাস্টমস ও মূসক অনুবিভাগ) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি:

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।